

বাংলাদেশ



গেজেট



## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৯, ২০২০

## সূচীপত্র

	পৃষ্ঠা নং		পৃষ্ঠা নং
১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	২৬৫—২৭৯	৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	২৬৫—২৭৯	৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	৭—৮
৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই	ক্রোড়পত্র—সংখ্যা	
৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই	(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।	নাই
৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যান্ট, বিল ইত্যাদি।	নাই	(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	২৭১—২৮৫	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
		(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
		(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
		(৬) . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

## ১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

মানব সম্পদ শাখা-১

শোক প্রস্তাব

তারিখ : ২২ পৌষ ১৪২৬/০৬ জানুয়ারি ২০২০

নং ১১.০০.০০০০.৮০৩.৩৫.০৪০.১৯-০৭—বাংলাদেশ জাতীয় সংসদের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতির একান্ত সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম (উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো) গত ১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ৮:৩০ ঘটিকায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। মরহুম মোঃ আমিনুল ইসলাম একজন সৎ, কর্তব্যপারায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ অসংখ্য আত্মীয় স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

৩। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় মরহুম মোঃ আমিনুল ইসলাম-এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

ড. জাফর আহমেদ খান  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৬৫ )

অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
কেন্দ্রীয় ব্যাংক শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ পৌষ ১৪২৬/১৩ জানুয়ারি ২০২০

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-৩৪—বীমা কর্পোরেশন আইন ২০১৯ এর ৯(১)(জ) ধারা অনুযায়ী ‘হিসাবরক্ষণ ও নিরীক্ষা বিষয়ে অভিজ্ঞ পেশাদার একাউন্টেন্ট’ ক্যাটাগরিতে জনাব মিস ফৌজিয়া হক, এফসিএ-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০২(দুই) বছর এর জন্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মহিন উদ্দিন  
সহকারী সচিব।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রাণিসম্পদ-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ পৌষ ১৪২৬/০৮ জানুয়ারি ২০২০

নং ৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭(অংশ-১)-২৭—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৮-০৮-২০১৯ তারিখের ৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭(অংশ-১)-৪৮৩ নং স্মারকে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক Fish Meal আমদানির ক্ষেত্রে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং Fish Feed আমদানির ক্ষেত্রে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর মন্ত্রণালয় কর্তৃক আরোপিত শর্তাবলি আবশ্যিকভাবে প্রতিপালন করবে এবং শর্তাবলির ১নং ক্রমিকে বর্ণিত শর্ত নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো :

“PRTC [Poultry Research Training Centre, Chittagong Veterinary and Animal Science University (CVASU)]/ International Centre for diarrhoeal Disease Reserach Bangladesh (ICDDR) বা সরকার অনুমোদিত ল্যাবরেটরী পরীক্ষার রিপোর্ট ব্যতীত আমদানিকৃত কোনো Fish Meal/fish feed (সকল ধরনের fish feed) বন্দর থেকে খালাস করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর থেকে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে”।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. অমিতাভ চক্রবর্তী  
উপসচিব।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
মবিঅ-২ অধিশাখা  
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০২০ খ্রি:

নং ৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯-০৮—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মূল কমিটি নির্দেশক্রমে পূর্ণগঠন করা হলো :

বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মূল কমিটি :

সভাপতি

০১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

সহ-সভাপতি

০২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদস্যবৃন্দ

০৩। বেগম সেলিনা বেগম স্বপ্না, সাবেক সংসদ সদস্য, স্টেশন রোড, ডাকঘর- সিরাজগঞ্জ, থানা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ। মোবাইল নম্বর : ০১৭১১-৯৭৭৭৭৭

০৪। বেগম কোহিনুর হোসেন খান, বাসা নম্বর: ৪৮০/১, নয়াটোলা চেয়ারম্যান গলি, মগবাজার ঢাকা-১২১৬।

মোবাইল নম্বর : ০১৭১১-৩৯৪০০৪

০৫। বেগম শিরিন নাঈম পুনম, সাবেক সংসদ সদস্য, বাসা নম্বর: ২৭ চামেলী বাগ, ফ্লাট নম্বর: ২১/এ/১ (কনকর্ড টুইন টাওয়ার মার্কেটের ২১ তলা), শান্তিনগর, ঢাকা।

মোবাইল নম্বর : ০১৭১২-৫০৪৩২১

০৬। বেগম আয়শা মোকাররম, বাসা নম্বর: ৪/১, নিলাম্বর সাহা রোড, হাজারীবাগ, ঢাকা-১২০৫।

মোবাইল নম্বর : ০১৭১২-১৯১১৩৬

০৭। সৈয়দা উম্মে কুলসুম রেনু, বাসা নম্বর: ৩৭৫, পশ্চিম শেওড়াপাড়া, ঢাকা-১২১৬।

মোবাইল নম্বর : ০১৭১৮-৭৪৫৭৩২

০৮। বেগম লিপি গাজী, বাসা নম্বর: ১০০, মালিবাগ, ডি. আই. টি রোড, শান্তিনগর, ঢাকা।

মোবাইল নম্বর : ০১৭১৫-০৬৮৪২৪

০৯। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

১০। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, রাপা প্লাজা, ধানমন্ডি, ঢাকা।

১২। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা।

১৩। অতিরিক্ত সচিব (বাজেট-১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১৪। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এভিনিউ, মৎস্য ভবন, ঢাকা।

- ১৫। মহাপরিচালক, পরিবার-পরিচালনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ১৬। মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১৭। নির্বাহী পরিচালক, পল্লি কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ঢাকা।
- ১৮। পরিচালক, সমাজ কল্যাণ প্রতিষ্ঠান, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১৯। নির্বাহী পরিচালক, এনজিও ফাউন্ডেশন ঢাকা।
- ২০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

- ২১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**পরিষদের কার্যপরিধি :**

- (ক) নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;
- (খ) অনুদান খাতে প্রাপ্ত তহবিলের খরচ অনুমোদন;
- (গ) পরিষদ বৎসরে অন্তত ০২(দুই) বার সভায় মিলিত হবে; এবং
- (ঘ) মূল কমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১ (এক) বছর।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। এ আদেশবলে গত ০২-১১-২০১৭ তারিখের ৩২.০০.০০০০.০২৯.২৯.০৩২.১৪-১০৫১ নং প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

নং ৩২.০০.০০০০.০২৯.০৬.০৭৩.১৯-৮/(১)—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্তভাবে বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর উপ-কমিটি নির্দেশক্রমে পূর্ণগঠন করা হলো :

**বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ)-এর উপ-কমিটি :**

**সমন্বয়ক**

- ০১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

**সদস্যবৃন্দ**

- ০২। বেগম সেলিনা বেগম স্বপ্না, সাবেক সংসদ সদস্য, স্টেশন রোড, ডাকঘর-সিরাজগঞ্জ, থানা-সিরাজগঞ্জ সদর, জেলা-সিরাজগঞ্জ। মোবাইল নম্বর : ০১৭১১-৯৭৭৭৭৭
- ০৩। বেগম কোহিনুর হোসেন খান, বাসা নম্বর: ৪৮০/১, নয়্যাটোলা চেয়ারম্যান গলি, মগবাজার ঢাকা-১২১৬। মোবাইল নম্বর : ০১৭১১-৩৯৪০০৪
- ০৪। বেগম শিরিন নঈম পুনম, সাবেক সংসদ সদস্য, বাসা নম্বর: ২৭ চামেলী বাগ, ফ্লাট নম্বর: ২১/এ/১ (কনকর্ড টুইন টাওয়ার মার্কেটের ২১ তলা), শান্তিনগর, ঢাকা। মোবাইল নম্বর : ০১৭১২-৫০৪৩২১
- ০৫। বেগম আয়শা মোকাররম, বাসা নম্বর: ৪/১, নিলাম্বর সাহা রোড, হাজারীবাগ, ঢাকা-১২০৫। মোবাইল নম্বর : ০১৭১২-১৯১১৩৬

- ০৬। সৈয়দা উম্মে কুলসুম রেনু, বাসা নম্বর: ৩৭৫, পশ্চিম শেওড়াপাড়া, ঢাকা-১২১৬। মোবাইল নম্বর : ০১৭১৮-৭৪৫৭৩২

- ০৭। বেগম লিপি গাজী, বাসা নম্বর: ১০০, মালিবাগ, ডি. আই. টি রোড, শান্তিনগর, ঢাকা। মোবাইল নম্বর : ০১৭১৫-০৬৮৪২৪

- ০৮। মহাপরিচালক/প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো, ১, পার্ক এভিনিউ, মৎস্য ভবন, ঢাকা।

- ০৯। মহাপরিচালক/প্রতিনিধি, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

- ১০। উপসচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

- ১১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**পরিষদের কার্যপরিধি :**

- (ক) সাধারণ ও বিশেষ অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইকরণ;
- (খ) যাচাই-বাছাইকৃত অনুদান প্রাপ্তি যোগ্য সমিতির তালিকা বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ)-এর মূল কমিটিতে সুপারিশসহ প্রেরণ;
- (গ) উপ-কমিটির বৎসরে অন্তত ০৪(চার) বার সভায় মিলিত হবে;
- (ঘ) উপ-কমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১(এক) বছর; এবং
- (ঙ) উক্ত কমিটি প্রয়োজনে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। এ আদেশবলে গত ০২-১২-২০১৭ খ্রি: তারিখের ৩২.০০.০০০০.০২৯.৩০.০৩২.১৪-১০৫২ নং প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**ফারজানা সুলতানা**  
উপসচিব।

**শিশু শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৭ মাঘ ১৪২৬/২১ জানুয়ারি ২০২০

নং ৩২.০০.০০০০.০৪১.৩০.০০৫.১৪-১৬—বাংলাদেশ শিশু একাডেমি আইন ২০১৮ এর ৬(১) ধারামতে বাংলাদেশ শিশু একাডেমির নিম্নরূপ ব্যবস্থাপনা বোর্ড নির্দেশক্রমে গঠন করা হইলো:

**চেয়ারম্যান**

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি

**সদস্য-বৃন্দ**

- ২। মহাপরিচালক, বাংলা একাডেমি;
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
- ৪। ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়;

- ৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৬। অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ৭। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ৮। তথ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ৯। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ১০। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ১১। স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ১২। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ১৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ১৪। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যান্য যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন প্রতিনিধি;
- ১৫। শিশু কল্যাণ পরিষদের ১ (এক) জন প্রতিনিধি;
- ১৬। জনাব মাহমুদা আজার, নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অফ চাইল্ড এন্ড হিউম্যান ডেভেলপমেন্ট (আইসিএইচডি), ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)
- ১৭। জনাব জাকিয়া কে হাসান, নির্বাহী পরিচালক, দীপ্ত ফাইভেশন, ৩/৯০৪, ইষ্টার্ন টাওয়ার, নিউ ইস্কাটন, ঢাকা-১২১৭ (সরকার কর্তৃক মনোনীত)
- ১৮। জনাব মালকা সামরোজ, চীফ অপারেটিং অফিসার, সূচনা ফাউন্ডেশন, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)
- ১৯। জনাব মাহবুবুল হক, নির্বাহী পরিচালক, ডন ফোরাম, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)

## সদস্য-সচিব

২০। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা

২। গঠিত বোর্ডের ১৬—১৯ ক্রমিকের সরকার কর্তৃক মনোনীত সদস্যগণ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন।

৩। সরকার কর্তৃক মনোনীত সদস্যগণের স্বীয় পদ হতে অব্যাহতি, পদত্যাগ ইত্যাদি বাংলাদেশ শিশু একাডেমি আইন ২০১৮ অনুযায়ী পরিচালিত হইবে।

৪। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সালমা আকতার

সহকারী সচিব।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কর্মসংস্থান অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২ মাঘ ১৪২৬/১৬ জানুয়ারি ২০২০

নং ৪০.০০.০০০০.০৩৫.১৬.০০১.১৯.৮—মন্ত্রিপরিষদ বিভাগের ২১-০৪-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫-২৮১ নং ও ১৭-১১-২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১.১৯.৪৩ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিকে অধিকতর ফলপ্রসূ করার জন্য রাষ্ট্রের সামগ্রিক ভিশনের সঙ্গে মন্ত্রণালয়ের ভিশনের সামঞ্জস্য রেখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম ও লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং ফলাফল মূল্যায়ন করার নিমিত্ত ইতোপূর্বে গঠিত বিশেষজ্ঞ-পুল নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

ক্র/নং	নাম ও পদবি	বাসার ঠিকানা ও ফোন	পদবি
০১।	জনাব মোঃ নুরুল হক, অবসরপ্রাপ্ত সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	হাউজ নং-৫০৬/বি, রোড-৩৫, ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬। মোবাইল : ০১৭৫৫৫২৫৫৭৭	বিশেষজ্ঞ পুল প্রধান
০২।	জনাব খন্দকার মোস্তান হোসেন অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	৬৪ (নতুন), ফ্ল্যাট নং-৭, রোড-৬/এ (নতুন), ধানমন্ডি, ঢাকা। মোবাইল : ০১৬৭০০৮০৮০৯	সদস্য
০৩।	জনাব মোঃ আব্দুল কাইউম সরদার (সাবেক অতিরিক্ত শ্রম পরিচালক) অবসরপ্রাপ্ত যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	অপরাজিতা, এন. এইচ. এ, বিল্ডিং নং-৭ বাসা নং-৭/এম, লালমাটিয়া, ব্লক-এ, ঢাকা-১২০৭। মোবাইল : ০১৭১৬৭২৬০৯১	সদস্য

২। বিশেষজ্ঞ পুলের কর্মপরিধি নিম্নরূপ :

- (ক) মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনের জন্য পরামর্শ প্রদান;
- (খ) মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান; এবং
- (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত অন্যান্য বিষয়ে মন্ত্রণালয়কে যথাযথ সহায়তা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আমিনুর রহমান

উপসচিব।

ভূমি মন্ত্রণালয়  
জরিপ শাখা-২  
বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২১ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২.(অংশ-১).০৩—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা
১	দুরদুরিয়া	৬	২৩৮	কালীগঞ্জ	সাতক্ষীরা
২	সোনাটিকুরী	১৬	৩৮০	কালীগঞ্জ	সাতক্ষীরা
৩	কাশীমপুর	৪৩	২৭৩	কালীগঞ্জ	সাতক্ষীরা
৪	ঠেকরা রহিমপুর	৪৮	৫৫৬	কালীগঞ্জ	সাতক্ষীরা
৫	বাজারগ্রাম রহিমপুর	৫৬	৫৮৭	কালীগঞ্জ	সাতক্ষীরা
৬	মুকুন্দপুর	৫৯	৬৫২	কালীগঞ্জ	সাতক্ষীরা
৭	পাঁচবাড়ীয়া	৬৩	১৭৭	কালীগঞ্জ	সাতক্ষীরা
৮	দিয়া	৮৭	৯৫৫	কালীগঞ্জ	সাতক্ষীরা
৯	রঘুরামপুর	১০০	১৭৯	কালীগঞ্জ	সাতক্ষীরা
১০	ঘুনসী রাজারামপুর	১০৯	৩৫	কালীগঞ্জ	সাতক্ষীরা
১১	গান্দুলিয়া	১১৩	৩৮৭	কালীগঞ্জ	সাতক্ষীরা
১২	গোবাড়িয়া	১২২	৩২	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৩	গোয়ালপোতা	১২৬	৩৭৬	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৪	খুদকীপুর	১২৭	৭৯৬	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৫	রামগোবিন্দপুর	১৬০	২৫৫	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৬	পরমানন্দকাটা	১৬৫	২৪৬	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৭	নরহরিকাটা	১৬৬	২৮৫	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৮	কুশ্লিয়া	১৭৭	১১১৩	কালীগঞ্জ	সাতক্ষীরা
১৯	কাশীবাড়ী	১৮৪	১০৭৮	কালীগঞ্জ	সাতক্ষীরা
২০	ইন্দ্রনগর	১৮৬	৭৯৪	কালীগঞ্জ	সাতক্ষীরা
২১	নীলকণ্ঠপুর	২২১	৩৭০	কালীগঞ্জ	সাতক্ষীরা
২২	বন্দকাটা	২২৩	১১৮৭	কালীগঞ্জ	সাতক্ষীরা
২৩	মুকুন্দ মধুসুদনপুর	২২৬	৭৭৮	কালীগঞ্জ	সাতক্ষীরা
২৪	চাতরা	২৩৫	২৫৬	কালীগঞ্জ	সাতক্ষীরা
২৫	খোস্তাকটা	১০২	৬৮০	বাগেরহাট সদর	বাগেরহাট
২৬	ভারুইডাঙ্গা	১০৪	২২৭	বাগেরহাট সদর	বাগেরহাট
২৭	দারিতালুক	১১৫	২৩৭	বাগেরহাট সদর	বাগেরহাট
২৮	পাটরপাড়া	১২১	৬৯১	বাগেরহাট সদর	বাগেরহাট
২৯	বাগে কাড়াপাড়া	১৪৬	৫২২	বাগেরহাট সদর	বাগেরহাট
৩০	ছোট রঘুনাথপুর	৫২	৪৯২	বাগেরহাট সদর	বাগেরহাট
৩১	হরিণ খানা	১৫০	৬৪১	বাগেরহাট সদর	বাগেরহাট
৩২	সুন্দরঘোনা বাজেয়াপ্তি	১১২	৫২	বাগেরহাট সদর	বাগেরহাট
৩৩	ভাটের আবাদ বুড়ি ডাঙ্গা	৬	২৪৯	মোংলা	বাগেরহাট
৩৪	গলাচিপা দিগরাজ	৮	২	মোংলা	বাগেরহাট
৩৫	কাইনমারী	১০	১১৯৪	মোংলা	বাগেরহাট
৩৬	খোনকারেরবেড়	২৮	১৮৬৭	মোংলা	বাগেরহাট
৩৭	ভবানীপুর	৩৮	৩৮৮	রূপসা	খুলনা
৩৮	বিপ্র আজুগড়া	৭	৩৪৭	তেরখাদা	খুলনা
৩৯	নগর শ্রীরামপুর	১৬	৪২৭	পাইকগাছা	খুলনা
৪০	রাড়ুলী	৫৩	২১৬৩	পাইকগাছা	খুলনা
৪১	কৃষ্ণনগর	৭৪	১২৪৭	পাইকগাছা	খুলনা
৪২	সোনামুখী	১২০	৬৩	পাইকগাছা	খুলনা
৪৩	হরিখালী	১২২	১৮৫	পাইকগাছা	খুলনা
৪৪	দারুন মল্লিক	১৫৩	২৮৭	পাইকগাছা	খুলনা
৪৫	সোনাখালী	১৬৩	২৪২	পাইকগাছা	খুলনা

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.২২১.১০.(অংশ-১).০২—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা
১	তের রশিয়া	১৫৪	৭১৫	নবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০.(অংশ-১).০১—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা
১	পশ্চিম সুজাপুর	১০৭	৪৫৯	নোয়াখালী সদর	নোয়াখালী
২	নরসিংহপুর	২১৯	১১০৮	নোয়াখালী সদর	নোয়াখালী
৩	কাজির চর	২৫১	৬৯৬	নোয়াখালী সদর	নোয়াখালী
৪	মধ্য চরবাটা	২৮৪	১৪১৯	নোয়াখালী সদর	নোয়াখালী
৫	দক্ষিণ কালিকাপুর	১৬০	৭৪৭	বেগমগঞ্জ	নোয়াখালী
৬	কিসমত করীমপুর	২৪০	২২৬	বেগমগঞ্জ	নোয়াখালী
৭	সাকেরপুর	২৪৭	২৯০	বেগমগঞ্জ	নোয়াখালী
৮	মুটবী	২৬৫	৪৩২	বেগমগঞ্জ	নোয়াখালী
৯	কাঠালী	২৮৪	৩৯৪	বেগমগঞ্জ	নোয়াখালী
১০	আলাইয়াপুর	৩০৪	৫৩৬	বেগমগঞ্জ	নোয়াখালী
১১	শিবপুর	৩১৫	৩৯১	বেগমগঞ্জ	নোয়াখালী
১২	গচপুর	৩২৭	৬১৩	বেগমগঞ্জ	নোয়াখালী
১৩	চর তমর উদ্দিন	৪৩	৬৩৬০	বেগমগঞ্জ	নোয়াখালী

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬১.১৯.০৪—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন)-এর ৩ ধারা এবং The State Acquisition and Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন)-এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বরিশাল জেলা বানারীপাড়া উপজেলার ৭৯টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল :

ক্রম	জেলা	উপজেলা	মৌজার নাম	জে.এল. নম্বর	এরিয়া
১	বরিশাল	বানারীপাড়া	বিশারকান্দি	১	২১৮৯.৫৫
২	বরিশাল	বানারীপাড়া	মরিচবুনিয়া	২	১০৪৪.৭৪
৩	বরিশাল	বানারীপাড়া	কলাভিটা	৩	৩৫০.৯৪
৪	বরিশাল	বানারীপাড়া	মড়ারবাড়ী	৪	৪১৭.১৭
৫	বরিশাল	বানারীপাড়া	কদমবাড়ী	৫	৩০৪.৫১
৬	বরিশাল	বানারীপাড়া	উমারেরপাড়	৬	৮০৯.৯৫
৭	বরিশাল	বানারীপাড়া	তেতলা	৭	১৯৪৭.৬৯
৮	বরিশাল	বানারীপাড়া	উদয়কাঠী	৮	৩৬৯.৮০
৯	বরিশাল	বানারীপাড়া	মলুহার	৯	২৩৫৩.৯৬
১০	বরিশাল	বানারীপাড়া	ইলুহার	১০	১৬৭৫.০১
১১	বরিশাল	বানারীপাড়া	ডুমারিয়া	১১	২১৭.৪৮
১২	বরিশাল	বানারীপাড়া	কাজলহার	১২	১৯৮.৫৭
১৩	বরিশাল	বানারীপাড়া	বরমগাতি	১৩	২১৯.৭৩
১৪	বরিশাল	বানারীপাড়া	বাইশারী	১৪	৭৩৪.৬৬
১৫	বরিশাল	বানারীপাড়া	লবনসাদা	১৫	৬২৫.২১
১৬	বরিশাল	বানারীপাড়া	গোয়ালিয়া	১৬	১৬৬.৫০
১৭	বরিশাল	বানারীপাড়া	আউয়ার	১৭	৫৯০.৬৯
১৮	বরিশাল	বানারীপাড়া	ইন্দুরহাওলা	১৮	৭৩৫.৯৭
১৯	বরিশাল	বানারীপাড়া	মালীকান্দা	১৯	৩৭২.৯৭
২০	বরিশাল	বানারীপাড়া	ব্রাহ্মণবাড়ী	২০	৫৭০.৯৫
২১	বরিশাল	বানারীপাড়া	বাওয়ালিয়া	২১	২৮৩.২৯
২২	বরিশাল	বানারীপাড়া	সৈদকাঠী	২২	১১৪৮.১১
২৩	বরিশাল	বানারীপাড়া	পশ্চিম জিরাকাঠী	২৩	২২৩.০১
২৪	বরিশাল	বানারীপাড়া	সাতবাড়ীয়া	২৪	৭৯৪.৫৯
২৫	বরিশাল	বানারীপাড়া	দরিয়াবাদ	২৫	২৭০.১৮

ক্রম	জেলা	উপজেলা	মৌজার নাম	জে.এল. নম্বর	এরিয়া
২৬	বরিশাল	বানারীপাড়া	মসজিদবাড়ী	২৬	৬৭০.৮২
২৭	বরিশাল	বানারীপাড়া	টোলাপ্রসাদ	২৭	১৫৭.৭৬
২৮	বরিশাল	বানারীপাড়া	দিদিহার	২৮	২০৩.৯১
২৯	বরিশাল	বানারীপাড়া	বড়করফাকর	২৯	৩৪৩.৫৫
৩০	বরিশাল	বানারীপাড়া	ভানান	৩০	১১০.৫৪
৩১	বরিশাল	বানারীপাড়া	বালীপাড়া	৩১	১৯১.০৪
৩২	বরিশাল	বানারীপাড়া	করপাড়া	৩২	১৫৮.৪২
৩৩	বরিশাল	বানারীপাড়া	নলশ্রী	৩৩	১৯৬.৮৪
৩৪	বরিশাল	বানারীপাড়া	উত্তরকুল	৩৪	৩৭৮.৪৯
৩৫	বরিশাল	বানারীপাড়া	কচুয়া	৩৫	৪৩০.০৪
৩৬	বরিশাল	বানারীপাড়া	গড়দুয়ার	৩৬	১৫১.৪৯
৩৭	বরিশাল	বানারীপাড়া	দত্তপাড়া	৩৭	১৮২.৯০
৩৮	বরিশাল	বানারীপাড়া	ব্রাহ্মণকাঠী	৩৮	২৬৬.৮৮
৩৯	বরিশাল	বানারীপাড়া	জম্মুদ্বীপ	৩৯	৫৯৯.৮৫
৪০	বরিশাল	বানারীপাড়া	দাভাট	৪০	১৫৩.১০
৪১	বরিশাল	বানারীপাড়া	শিয়ালকাঠী	৪১	১১৩.৩০
৪২	বরিশাল	বানারীপাড়া	বানারীপাড়া	৪২	২৪৭.১৩
৪৩	বরিশাল	বানারীপাড়া	মহিষপোতা	৪৩	১৭৫.৩৮
৪৪	বরিশাল	বানারীপাড়া	খাজুরবাড়ী	৪৪	১৫৪.৫৬
৪৫	বরিশাল	বানারীপাড়া	বাসার	৪৫	১৫৪.৬৭
৪৬	বরিশাল	বানারীপাড়া	ধারালিয়া	৪৬	১৬৮.৭৯
৪৭	বরিশাল	বানারীপাড়া	গোয়াইলবাড়ী	৪৭	৩৫৬.৩৪
৪৮	বরিশাল	বানারীপাড়া	নবগ্রাম	৪৮	১৩৭.৬২
৪৯	বরিশাল	বানারীপাড়া	জাঙ্গালিয়া	৪৯	১৪৮.৭০
৫০	বরিশাল	বানারীপাড়া	বাঘরা	৫০	১৪৭.৮০
৫১	বরিশাল	বানারীপাড়া	পূর্ব জিরারকাঠী	৫১	১১৩.১৭
৫২	বরিশাল	বানারীপাড়া	চালিতাবাড়ী	৫২	২২৩.৪৪
৫৩	বরিশাল	বানারীপাড়া	চিরাপাড়া	৫৩	২২৪.০০
৫৪	বরিশাল	বানারীপাড়া	ছোট ভৌতসর	৫৪	১০৮.৪৯
৫৫	বরিশাল	বানারীপাড়া	বড় ভৌতসর	৫৫	৩০৮.৭৯
৫৬	বরিশাল	বানারীপাড়া	ছোটচাউলাকাঠী	৫৬	১৩৭.০০
৫৭	বরিশাল	বানারীপাড়া	বড়চাউলাকাঠী	৫৭	২৮৪.৮৬
৫৮	বরিশাল	বানারীপাড়া	চাখার	৫৮	৫৪১.৯২
৫৯	বরিশাল	বানারীপাড়া	আশুরাইল	৫৯	১০৫.৮৬
৬০	বরিশাল	বানারীপাড়া	দড়িকর	৬০	১৯৪.৪৬
৬১	বরিশাল	বানারীপাড়া	বলহার	৬১	২৫৫.৭৩
৬২	বরিশাল	বানারীপাড়া	ঘাটাপাড়া	৬২	১১২.৯১
৬৩	বরিশাল	বানারীপাড়া	সাকরাল	৬৩	১৭২.১৪
৬৪	বরিশাল	বানারীপাড়া	সোনার	৬৪	৫১১.৮৫
৬৫	বরিশাল	বানারীপাড়া	বলিয়ারকাঠী	৬৫	১৫০.০৯
৬৬	বরিশাল	বানারীপাড়া	খলিশাকোঠা	৬৬	১১২.৭৯
৬৭	বরিশাল	বানারীপাড়া	মাদারকাঠী	৬৭	৭৭৪.০৩
৬৮	বরিশাল	বানারীপাড়া	কৃষ্ণপুর	৬৮	১৭৫.৭৪
৬৯	বরিশাল	বানারীপাড়া	সলিয়াবাগপুর	৬৯	৭৩৩.১৩
৭০	বরিশাল	বানারীপাড়া	শাখারিয়া	৭০	২৭৫.৭৬
৭১	বরিশাল	বানারীপাড়া	বেতাল	৭১	৩৬৩.৯১
৭২	বরিশাল	বানারীপাড়া	চৌয়ারীপাড়া	৭২	২৫৭.৯১
৭৩	বরিশাল	বানারীপাড়া	নরোমপুর	৭৩	২২৬.৯৫
৭৪	বরিশাল	বানারীপাড়া	কুন্দিহার	৭৪	২০০.২০
৭৫	বরিশাল	বানারীপাড়া	মাছরঙ্গ	৭৫	২৫৭.৮৮
৭৬	বরিশাল	বানারীপাড়া	রাজকপুর	৭৬	১৩৫.৫১
৭৭	বরিশাল	বানারীপাড়া	আলতা	৭৭	৪৯০.১৪
৭৮	বরিশাল	বানারীপাড়া	গাভা	৭৮	৭৯৭.৪১
৭৯	বরিশাল	বানারীপাড়া	নরেরকাঠী	৭৯	৩২৫.০৫

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১).০৫—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা	মন্তব্য
১	হরিনাপোতা	৫৫	২২৫	সারসা	যশোর	
২	সারসা	৭২	১৬২৭	সারসা	যশোর	
৩	মহিষাকুর	১০৬	১১১৪	সারসা	যশোর	
৪	সেতাই	১২৩	১৫৫০	সারসা	যশোর	
৫	পলিয়ানপুর	১৫	১৬৬৩	মহেশপুর	ঝিনাইদহ	
৬	কোলা	৪৩	১৬০৫	মহেশপুর	ঝিনাইদহ	
৭	শিবানন্দপুর	৯৫	১৬৯৬	মহেশপুর	ঝিনাইদহ	
৮	জোকা	১১৬	৩৭০	মহেশপুর	ঝিনাইদহ	
৯	আলামপুর	১৪১	২০২৫	মহেশপুর	ঝিনাইদহ	
১০	মির্জাপুর	১৪৯	১৮৮৩	মহেশপুর	ঝিনাইদহ	
১১	মাগুরা	৬৯	৯২১৮	মাগুরা সদর	মাগুরা	মহামান্য হাইকোর্টে ২৩৭৮ নম্বর খতিয়ানের উপর ১২৮৭২/১৮ নম্বর রিট মামলা চলমান থাকায় উক্ত খতিয়ান ব্যতীত।
১২	সুলতানসী	১৩	১৫৬	মহম্মদপুর	মাগুরা	
১৩	চুমরাইল	৮৭	৫৬০	মহম্মদপুর	মাগুরা	
১৪	তারানী	৩২	২৩১২	নড়াইল সদর	নড়াইল	
১৫	আফরা	৮২	১৮৬১	নড়াইল সদর	নড়াইল	
১৬	তপনভাগ	৮৪	১৫২২	নড়াইল সদর	নড়াইল	

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৪২.১০.০৬—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা
১	শিবরামপুর	৭৬	৭৭৪	পাবনা সদর	পাবনা
২	লক্ষরপুর	১২৬	৭৭৫	পাবনা সদর	পাবনা

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.০৭—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

২। এতদবিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ১০ অক্টোবর ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.৩৬৩ নম্বর গেজেট বিজ্ঞপ্তির ০৫ ও ১২ নম্বর ক্রমিকের এবং ০৮-০৯-২০১৯ তারিখে ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.২৯৯ নম্বর স্মারকে এবং বাংলাদেশ গেজেটে ২১-১১-২০১৯ তারিখে প্রকাশিত মৌজার নাম নিম্নোক্তভাবে সংশোধন করা হল:

পূর্ববর্তী গেজেটের ক্রমিক নম্বর	পূর্ববর্তী গেজেটে প্রকাশিত মৌজার নাম	সংশোধিত মৌজার নাম	জেএল নম্বর	উপজেলার নাম	জেলার নাম
৫	এধুপুর	মধুপুর	৪০	ফেনী সদর	ফেনী
১২	পশ্চিম রাচন্দ্রপুর	পশ্চিম রামচন্দ্রপুর	২৫	দাগনভূঞা	ফেনী
১০	শীধরপুর	শ্রীধরপুর	১৮৬	বেগমগঞ্জ	নোয়াখালী

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৭.১৬.০৮—State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা
১	কইগাড়ী বড়	৩১	৭৩৩	বগুড়া সদর	বগুড়া
২	দুর্গাপুর	৭৮	৪৬৯	বগুড়া সদর	বগুড়া
৩	চেজার	১২৯	১৪২৪	বগুড়া সদর	বগুড়া
৪	বইটা পাড়া	১৩২	২৫৮	বগুড়া সদর	বগুড়া
৫	দারিকামারী	১৩৫	৪৮৪	বগুড়া সদর	বগুড়া
৬	ঢাকস্তা	১৪৪	৩৭১	বগুড়া সদর	বগুড়া
৭	কাজীপাড়া	১৫৭	২৪৯	বগুড়া সদর	বগুড়া
৮	নারিলা	১৬৪	৬৭৪	বগুড়া সদর	বগুড়া
৯	খলিসাকান্দি	১৭৬	৯২৩	বগুড়া সদর	বগুড়া



ক্রম	মৌজার নাম	জেএল নম্বর	খতিয়ান সংখ্যা	উপজেলা	জেলা
১০	বাঁশকুটা	২২৪	৫৬৩	বগুড়া সদর	বগুড়া
১১	মারিয়া	২৪৩	১৩৭০	বগুড়া সদর	বগুড়া
১২	কুন্দাইস	২৪৬	৩০৬	বগুড়া সদর	বগুড়া
১৩	পরাণবাড়ী	২৪৭	৫২৫	বগুড়া সদর	বগুড়া
১৪	চোপীনগর	২৫০	৯১১	বগুড়া সদর	বগুড়া
১৫	কল্যাণনগর	১৫৬	৭৬৯	নন্দীগ্রাম	বগুড়া
১৬	চেচুয়াপাড়া	১৭৩	২৬৪	নন্দীগ্রাম	বগুড়া
১৭	সিহরী	৬০	৫২১	আদমদিঘী	বগুড়া
১৮	লক্ষীপুর	৬১	৩২৮	আদমদিঘী	বগুড়া
১৯	মজালপুর	৭০	৩৩৫	আদমদিঘী	বগুড়া
২০	পীরাপাট	৩৮	২৪২	কাহালু	বগুড়া
২১	বাখরা	৮৬	৮৬০	কাহালু	বগুড়া
২২	ভাগজোড়	১২৬	৩৩৬	কাহালু	বগুড়া
২৩	মেঘাকোর্দ	১৭৫	৩৯৬	শিবগঞ্জ	বগুড়া
২৪	হোসেনাবাদ	১৪৫	৫১৫	শেরপুর	বগুড়া
২৫	চকখাগা	১৪৯	১৫৮	শেরপুর	বগুড়া
২৬	সাদেকপুর	২০৯	১৭৭	শেরপুর	বগুড়া
২৭	খাসপাছনন্দা	২৬	৮৩২	জয়পুরহাট সদর	জয়পুরহাট
২৮	ইছুরা	৪২	১২২৬	জয়পুরহাট সদর	জয়পুরহাট
২৯	গোপালপুর	৭৪	৩৩৮	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩০	বজরপুর	৮৪	১০৯	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩১	বাদসা	৮৫	৯০৯	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩২	পাকুরদাড়া	৮৭	৪০৯	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৩	কান্দি	৯৩	২৮৫	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৪	মহরুল	৯৫	৩৬৩	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৫	বুজরুগভারুনিয়া	১০২	২২০	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৬	জিতাপুর	১০৬	২৪৬	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৭	বলরামপুর	১০৯	১২৮	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৮	বনখুর	১১২	৪৩০	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৩৯	বড়জাতপুর	১১৪	১১৯৫	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪০	দস্তপুর	১১৬	৪৯৭	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪১	বক্ষিলা	১২৭	৪৫০	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪২	মিটনা	১২৮	৬০৭	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৩	আমদৈ	১২৯	৫৬৩	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৪	তেঘরাদভপানী	১৩১	৬৭৬	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৫	রাংতা	১৩৪	৭৪৯	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৬	আরাজি আমগাঁও	১৪২	১৯৫	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৭	দেবিপুর	১৫১	৩৫৮	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৮	ভিটা	১৫২	৪৩৬	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৪৯	হানাইল বাসু	১৬৭	৫৮৬	জয়পুরহাট সদর	জয়পুরহাট
৫০	মহবতপুর	২৯	২৭৮১	ক্ষেতলাল	জয়পুরহাট
৫১	কালিজা	৫৩	৩২৭	ক্ষেতলাল	জয়পুরহাট
৫২	ভাশিলা	৫৬	৬৭২	ক্ষেতলাল	জয়পুরহাট
৫৩	নাজিরপুর	৬২	৬৩৬	ক্ষেতলাল	জয়পুরহাট
৫৪	দুধাইল	৩৫	৮১৮	কালাই	জয়পুরহাট
৫৫	জগন্নাথপুর	৪২	১৮৪	কালাই	জয়পুরহাট
৫৬	বোরাই	৫৭	৯০৮	কালাই	জয়পুরহাট
৫৭	মুরাইল	৬৮	৬৫০	কালাই	জয়পুরহাট
৫৮	গড়বলানী নান্দাইল	৭৮	১৪০৯	কালাই	জয়পুরহাট
৫৯	এলতা	৯৩	১০৪৭	কালাই	জয়পুরহাট
৬০	জিন্দারপুর	৯৮	৬৩৪	কালাই	জয়পুরহাট
৬১	আতাহার	১০২	৬৫৬	কালাই	জয়পুরহাট

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো. আব্দুর রহমান  
উপসচিব।

শিল্প মন্ত্রণালয়  
বৈদেশিক প্রশিক্ষণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/১৪ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং ৩৬.০০.০০০০.০৫২.২৫.০১০.১৯-৩১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'রসায়ন শিল্প খাতের উপদেষ্টা কমিটি' নিম্নবূপভাবে পুনর্গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

সভাপতি

- ১। পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি, ঢাকা
- সদস্যবৃন্দ**
- ২। মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মহা ব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি, ঢাকা।
  - ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ইনস্যুলেটর এন্ড স্যানিটারি ওয়ার ফ্যাক্টরি লিঃ, ঢাকা।
  - ৪। নির্বাহী প্রধান, কোহিনুর কেমিক্যাল কোং লিঃ, ঢাকা
  - ৫। ব্যবস্থাপক পরিচালক, এসিআই লিঃ, ঢাকা
  - ৬। নির্বাহী প্রধান, বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল কোং লিঃ, ঢাকা।
  - ৭। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (BTA), ঢাকা।
  - ৮। সভাপতি, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (LFMEAB), ঢাকা।
  - ৯। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন, ঢাকা
  - ১০। পরিচালক, এনপিও, ঢাকা
  - ১১। যুগ্ম-পরিচালক, এনপিও, ঢাকা

সদস্য-সচিব

- ১২। উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, রসায়ন শিল্প শাখা, এনপিও, ঢাকা।

(খ) পরিষদের কার্যপরিধি :

- ১। জাতীয় উৎপাদনশীলতা পরিষদ কর্তৃক গৃহীত উৎপাদনশীলতা "রসায়ন শিল্প" সেক্টর সংক্রান্ত যাবতীয় পরামর্শ ও সুপারিশ বাস্তবায়ন বিষয়ে জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটিকে সহায়তা করা।
- ২। ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কার্যাবলির তত্ত্বাবধান, দিক নির্দেশনা ও সমন্বয় সাধনে কার্যনির্বাহী কমিটিকে সহায়তা করা।
- ৩। জাতীয় অর্থনীতিতে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য যে কোনো বিষয় গুরুত্ব সহকারে বিবেচনার জন্য জাতীয় কার্যনির্বাহী কমিটিকে পরামর্শ দেওয়া।
- ৪। বিবিধ সংশ্লিষ্ট বিষয়সমূহ।

(গ) বছরে ০৩ বার ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর রসায়ন শিল্প খাতের উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

(ঘ) ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) এ সংক্রান্ত গত ১৯-০৯-১৯৯১ ইং তারিখের শিম/প্রশাঃ ৫/নপ্রঅ/ প্রশাসন-২/৯১/৩৪৫ সংখ্যক প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নিলুফার জেসমিন খান  
সিনিয়র সহকারী সচিব।

তথ্য মন্ত্রণালয়

বেতার-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৬/১৫ ডিসেম্বর ২০১৯

নং ১৫.০০.০০০০.০২১.১৮.৭৭৬.১২-৫৩—যেহেতু, জনাব সমীর রঞ্জন বিশ্বাস, স্টেশন প্রকৌশলী, বাংলাদেশ বেতার প্রেষণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির একান্ত সচিব পদে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকায় কর্মরত আছেন;

যেহেতু, তিনি গত ২৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে তার ফেসবুক একাউন্টে "জেগে উঠছে বাজালী, বেতারও বাদ যাবে না। গণবাহিনী মুক্ত তথ্য মন্ত্রণালয়। আহা কি আনন্দ আকাশে বাতাসে। আবার সংসদে ফিরলাম। ৪ বছর ১০ মাস ২০ দিন পর ২০২৪ এ ২৪ জানুয়ারি চাকুরির ২৫ বছর পূর্তি হবে। আশা করি তারপরই সরকারি চাকুরিতে ইস্তফা এবং চাকুরির এই শেষ সময়টা সংসদেই থাকতে চাই।" মন্তব্য পোস্ট করেন;

যেহেতু, তার এ ধরনের কার্যকলাপ সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর ২৩ বিধির পরিপন্থী হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ২(খ) বিধিমাতে অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে ০৩/২০১৯ নং বিভাগীয় মামলা রুজু করতঃ ২৯-১০-২০১৯ তারিখে ৯৫৩ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শাতে ও ব্যক্তিগত শুনানীর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি গত ১৮-১১-২০১৯ তারিখ লিখিত জবাব দাখিল করেন এবং ০৪-১২-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানী এবং লিখিত জবাবে আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা ও ভবিষ্যতে এরকম ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে সতর্ক থাকার অঙ্গীকার করেন এবং নিগূর্ণিত ক্ষমা প্রার্থনা করে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেছেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানী, লিখিত জবাব ও আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ৭(২)(ক) অনুযায়ী বাংলাদেশ বেতারের স্টেশন প্রকৌশলী (প্রেষণে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির একান্ত সচিব পদে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত) জনাব সমীর রঞ্জন বিশ্বাস-কে ভবিষ্যতে সতর্ক করে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০৩/২০১৯ এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

- ২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবদুল মালেক

সচিব।

জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
আনসার অধিশাখা-১

আদেশ

তারিখ : ২৯ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.১১৪.২০.০০২.১৪-২২—নির্দেশিত হয়ে বিসিএস (আনসার) ক্যাডারের নিম্নবর্ণিত ১৩(তের)টি পদ রাজস্বখাতে স্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল, ২০১৫	মন্তব্য
১।	উপমহাপরিচালক	৬ (ছয়)টি	টাকা ৫৬৫০০—৭৪৪০০ (গ্রেড-৩)	ক্যাডার পদ
২।	পরিচালক	৭ (সাত)টি	টাকা ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫)	
	মোট=	১৩ (তের)টি		

শর্তাবলি :

- BCS (Ansar) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন ক্যাডার পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- সৃজিত পদসমূহ অন্তর্ভুক্ত করে সাংগঠনিক কাঠামো হালনাগাদ করতে হবে;
- মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কগবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর রেঞ্জ কার্যালয়ের 'উপ-মহাপরিচালক' পদের পদনাম 'রেঞ্জ কমান্ডার' হিসেবে পরিবর্তনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
- এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে;
- এ সংক্রান্ত যাবতীয় ব্যয় আনসার ও ভিডিপি অধিদপ্তরের সংশ্লিষ্ট বাজেট বরাদ্দ হতে বহন করতে হবে;
- জি.ও জারির তারিখ থেকে পদগুলো সৃজিত হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৬১.১৫. ০০৮.১৯-২৫৫, তারিখ ০১-০৯-২০১৯, অর্থ বিভাগের স্মারক নং ০৭.১৫৫.০১৫.৪৪.০২.০০৯.১৯৯৬-৬৭৭, তারিখ: ২১-১১-২০১৯ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির গত ২২ ডিসেম্বর ২০১৯ সালের ১৯তম সভার সিদ্ধান্ত অনুযায়ী এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

এস এম মুনির উদ্দিন  
উপসচিব।

আইন-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৪ পৌষ ১৪২৬/০৮ জানুয়ারি ২০২০

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.১৯-৪২—নীলফামারী জেলার ডোমার থানার মামলা নং-১১, তারিখ : ১৯-১০-২০১৮ খ্রি: এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা কোনো ব্যক্তি বা সত্তা বা প্রজাতন্ত্রের সম্পত্তি ক্ষতি সাধন এবং অপরাধ সংঘটনের প্রচেষ্টা ও ষড়যন্ত্র, জঙ্গি কর্মকাণ্ডকে সমর্থন এবং জঙ্গিকে আশ্রয়, প্রশ্রয়, প্ররোচিত ও সহায়তা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-৪৩—টাঙ্গাইল জেলার সদর থানার মামলা নং-৩৭ তারিখ : ২৩-০৮-২০১৮ খ্রি: এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.১৮-৪৪—রংপুর মহানগরের তাজহাট থানার জিডি নং-১৫৯ তারিখ : ০৪-১১-২০১৯ খ্রি: এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে প্রসিকিউশন দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ০১ মাঘ ১৪২৬/১৫ জানুয়ারি ২০২০

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৪৮—চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল থানার মামলা নং-০৬, তারিখ: ১২-০৫-২০১৭ খ্রি: এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে ও সহায়তার মাধ্যমে সন্ত্রাস বিরোধ আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)-এর ৬(২)/৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৪৯—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৪৪, তারিখ : ১৪-০৩-২০১৭ খ্রি: এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সমর্থক ও কতিপয় সদস্য হয়ে সন্ত্রাস বিরোধ আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(১)(ক)৬(২)/ ৮/৯/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৫০—ঢাকা জেলার উত্তরা পূর্ব থানার মামলা নং-০৪(১২)১৫-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জজি সংগঠনের সদস্য ও সমর্থক হয়ে সন্ত্রাস বিরোধ আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে সত্য প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মফিজুল ইসলাম  
সহকারী সচিব।

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে।]

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য সেবা বিভাগ

ঔষধ প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০২ মাঘ ১৪২৬/১৬ জানুয়ারি ২০২০

নং ঔষধ প্রশাসন-১/ঔষধ-৪১/২০০৮ (অংশ-৩)/১৭—প্রাণী চিকিৎসায় ব্যবহৃত আন্তর্জাতিক মানের ভেটেরিনারী ঔষধ ও এনিম্যাল ভ্যাকসিন এর ক্লিনিক্যাল ট্রায়াল/ফিল্ড ট্রায়াল এর প্রোটোকল মূল্যায়ন করার জন্য নিম্নবর্ণিত সদস্যবৃন্দের সমন্বয়ে নির্দেশক্রমে একটি কমিটি গঠন করা হলো:

সভাপতি

১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী ঢাকা।

সদস্যবৃন্দ

- ২। উপসচিব (ঔষধ প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক, NRL-AI বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (BLRI), সাভার, ঢাকা।
- ৪। এম. বাহানুর রহমান, প্রফেসর, মাইক্রোবায়োলজি ও হাইজিন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৫। প্রতিনিধি (ভেটেরিনারী ঔষধ ও এনিম্যাল ভ্যাকসিন এর ক্লিনিক্যাল ট্রায়াল/ফিল্ড ট্রায়ালের বিষয়ে অভিজ্ঞ), LRI, মহাখালী, ঢাকা।
- ৬। প্রতিনিধি (ভেটেরিনারী ঔষধ ও এনিম্যাল ভ্যাকসিন এর ক্লিনিক্যাল ট্রায়াল/ফিল্ড ট্রায়ালের বিষয়ে অভিজ্ঞ), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

সদস্য-সচিব

৭। জনাব মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

কমিটির কার্যপরিধি :

- (ক) দেশে উৎপাদিত (ভেটেরিনারী ঔষধ ও এনিম্যাল ভ্যাকসিন এর ক্লিনিক্যাল ট্রায়াল/ফিল্ড ট্রায়ালের এর প্রোটোকল মূল্যায়ন করতঃ অনুমোদনের জন্য লাইসেন্সিং অথোরিটি বরাবর সুপারিশ প্রদান করবেন।
- (খ) ভেটেরিনারী ঔষধ ও এনিম্যাল ভ্যাকসিনের Safety, Efficacy ও Adverse Drug Reaction (ADR) এর বিষয়ে লাইসেন্সিং অথোরিটিকে প্রয়োজনে পরামর্শ প্রদান করবেন।
- (গ) ভেটেরিনারী ঔষধ ও এনিম্যাল ভ্যাকসিন এর ক্লিনিক্যাল ট্রায়াল/ফিল্ড ট্রায়ালের Study Report এর বিষয়ে লাইসেন্সিং অথোরিটিকে প্রয়োজনে পরামর্শ প্রদান করবেন।
- (ঘ) কমিটি প্রয়োজনে এক/একাধিক বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান  
সহকারী সচিব।

[একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হবে।]

শৃঙ্খলা অধিশাখা

আদেশ

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৬/০৫ আগস্ট ২০১৯

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪২.২০১৯-৪৪৫—যেহেতু, ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, জামালপুর গত ১৪-১১-২০১৪ হতে ২৩-০৩-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৪ মাস ৯ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিদায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর দায়ে ৩০-০৪-২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১. ০০.০৪২.২০১৯-৩০৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ১০-০৭-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪), ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সেলিনা আক্তার (১৩১৫৮৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, জামালপুর এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ৩ (তিন)টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ৩ বছরের জন্য স্থগিত করার লঘু দণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর বিভাগীয় মামলার প্রয়োজনে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানের (তারিখ: ২৪-০৩-২০১৯) তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তার গত ১৪-১১-২০১৪ হতে ২৩-০৩-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৪ বছর ৪ মাস ৯ দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোনো বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মুজিবুর রহমান

অতিরিক্ত সচিব

(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।]

আদেশ

তারিখ : ০৮ পৌষ ১৪২৬/২২ ডিসেম্বর ২০১৯

নং ৪৫.১৫০.১২২.০২৭.০৬৭.১৯-৭১৫—যেহেতু, ডাঃ সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী গত ০৩-১২-২০১৮ হতে ২৭-০৫-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ২৪ দিন অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন বিদায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর দায়ে ০৫-০৮-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২. ০২৭.০৬৭.১৯-৪৪৪ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ সুমন কুমার বালা (১০১৬০৪১), ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সুমন কুমার বালা (১০১৬০৪১), মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, পটুয়াখালী এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন গত ০৩-১২-২০১৮ হতে ২৭-০৫-২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ মাস ২৪ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে কোনো বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা থেকে অব্যাহতি দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মুজিবুর রহমান

অতিরিক্ত সচিব

(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)।

ভূমি মন্ত্রণালয়  
অধিগ্রহণ শাখা-১

‘ঘ’ ফরম

এল.এ কেস নং-১৫৭/৭৮-৭৯

সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

তারিখ : ১৯ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৫.২০-২৮—যেহেতু নিম্ন তফশিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন, ১৯৪৮ (১৯৪৮ সনের ১৩ নং আইন)-এর ৩ ধারামতে ২৭-০৮-৭৯ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রয়েছে।

এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফশিল বর্ণিত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হলো।

তফশিল

মৌজা : নাটোর, জে.এল নং-২০৪, উপজেলা : নাটোর সদর, জেলা : নাটোর।

এস.এ খতিয়ান নং	এস.এ দাগ নং	অধিগৃহীত জমি (একরে)	এস.এ খতিয়ান নং	এস.এ দাগ নং	অধিগৃহীত জমি (একরে)
৬৪৮	৩৭৮	০.০৮	৭৪০	৪১৪	০.৫৭
৮০৬	৩৮২	০.০৯	১১২০	৪১৫	০.৩৩
৭২৫/১	৩৮৩	০.০৮	৭২৫	৪১৬	০.৩৫
১২৮৫	৩৮৪	০.১০	৮০৬	৪১৭	০.২৪
১১৫৮	৩৮৫	০.০৮	৬৮৭	৪১৮	০.৭৪
১৩০৬/২	৪০০	০.১০	৫১৯	৪১৯	০.১৪
৬৮৫	৪০১	০.০৬	৭২৫	৪২০	০.১০
২৮	৪০২	০.২০	৬৪৮	৪২১	০.১৩
৫১৮	৪০৪	০.৮৫	৮০৬	৪৩০	০.০৬
৪০৩/৩	৪০৫	০.৩০	১০৫১	৪৩১	০.০৬
১০০৮	৪০৬	০.২২	১৫৭৫	৪৫৭	০.০১
১০০৮	৪০৭	০.২০	৬৮৫	৪৫৮	০.০১
৯৫৪/৪	৪০৮	১.৩০	৭১৬	১৪০৮	০.০৪
৬৮৫	৪০৯	০.৩৩	৬৪৮	১৪০৯	০.৩৪
১০৮৩	৪১০	০.৩৫	২৮	১৫৬৯	০.৩৩
১৩৪৫	৪১১	০.১৬	১০০৮	১৫৭৬	০.৩০
১০৫১	৪১২	০.২৬	১১৫৮	১৪০৮/৩২২৩	০.০৬
৭৩৭/১	৪১৩	০.৫৭		সর্বমোট :	৮.৬১ (একর)

জমির নকশা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এ দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুজ্জামান  
উপসচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## যুব-১ শাখা

## আদেশ

তারিখ : ১৯ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/০৩ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৩৪.০০.০০০০.০৫১.০৬.০৮৮.১৬-১৪৯—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৫-১০-২০১৭ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১৫৩.০১.০১৮.১৭-১৭৭ নং স্মারক এবং অর্থ বিভাগের ০৪-০২-২০১৮ খ্রি: তারিখের ০৭.১৫৪.০১৫.০৮.০১.০০৪.২০০৫ (অংশ-১)-৬৯ নং স্মারকের সম্মতিক্রমে যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা পর্যায়ে কর্মরত যুব উন্নয়ন অধিদপ্তরের 'ক্রেডিট সুপারভাইজার' এর পদবি পরিবর্তন করে 'সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা' নামকরণে সরকারি মঞ্জুরি আদেশ জ্ঞাপন করছি।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে এবং প্রয়োজনীয় বিধি-বিধান ও শর্তসমূহ পালনপূর্বক 'ক্রেডিট সুপারভাইজার' এর পদবি পরিবর্তন করে 'সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা' নামকরণে আদেশ জারি করা হল।

দিলরুবা শারমিন

সিনিয়র সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## আইন ও বিচার বিভাগ

## বিচার শাখা-৭

## আদেশ

তারিখ : ০২ মার্চ ২০২০ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৪/৭৯-৫৮—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্ত্রস্ত হইয়া আপনাকে মোঃ অলি উল্লাহ, পিতা- মোঃ হারুনুর রশিদ ভূঁইয়া, মাতা-সখিনা বেগম, গ্রাম- সিন্দুরিয়াপাড়া, ডাকঘর-ময়নামতি বাজার-৩৫০০, উপজেলা-বুড়িচং, জেলা- কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার ০৬ নং ময়নামতি আদর্শ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে, শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহমেদ

সিনিয়র সহকারী সচিব।